ইত্তেফাক

তারিখ ... ৫।১।৮৭
কলাম ... ... ...

038

## শুক্রবার প্রাথমিক শিক্ষকদের প্রতিবাদ দিবস

(ইত্তেফাক রিপোর্ট)

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি রংপুরে প্রাথমিক শিক্ষকদের সমাবেশে পুলিশের লাঠিচার্জ ও কাঁদানে গ্যাস নিক্ষেপের ঘটনার নিন্দা করিয়াছে। এই ঘটনায় ক্ষতিগ্রস্ত শিক্ষকদের জন্য সমিতি ক্ষতিপূরণ দাবী করিয়াছে। সমিতি এই ঘটনার প্রতিবাদে আগামীকাল (শুক্রবার) দেশব্যাপী প্রাথমিক শিক্ষকদের প্রতিবাদ সভা আহ্বান করিয়াছে। এইদিন বিকাল ৩ টায় ঢাকার বায়তুল মোকাররম প্রাঙ্গণে এক প্রতিবাদ সভা অনুষ্ঠিত হইবে।

শিক্ষকদের উপর এই হামলার নিন্দা করিয়া বিভিন্ন রাজনৈতিক দল, ছাত্র সংগঠন নেতৃবৃন্দ বিবৃতি প্রদান করিয়াছেন। নেতৃবৃন্দ প্রাথমিক শিক্ষকদের এই দাবী ন্যায়সঙ্গত আখ্যায়িত করেন এবং অবিলম্বে দাবীসমূহ মানিয়া নেওয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানান।

বিবৃতিদাতা নেতৃবৃন্দের মধ্যে আছেন বাংলাদেশ ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক জনাব হায়দার আকবর খান রনো ও সম্পাদকমণ্ডলীর সদস্য জনাব রাশেদ খান মেনন; 'ডাকসু'র সহ-সভাপতি জনাব মাহমুদুর রহমান মান্না ও সাধারণ সম্পাদক জনাব আখতার উজ্জামান;

(৮ম পৃঃ ৭ এর কঃ দ্রঃ)

## হামলার পর চারু ও কারুকলা মহাবিদ্যালয় বন্ধ ঘোষণা

(ইত্তেফাক রিপোর্ট)

গত সোমবার গভীর রাত্রে একদল বহিরাগত তরুণ আজিমপুর নিউমার্কেট সংলগ্ন চারু ও কারুকলা মহাবিদ্যালয় হোস্টেলে ছাত্রদের উপর সশস্ত্র হামলা চালাইবার পর অবস্থার অবনতি ঘটিলে গতকাল (বুধবার) মহাবিদ্যালয় ও হোস্টেলসমূহ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়।

গত সোমবার রাত্রে ১টায় হোস্টেলে ঘুমন্ত ছাত্রদের কক্ষের দরজা ভাঙ্গিয়া একদল বহিরাগত তরুণ অস্ত্রশস্ত্র, লাঠিসোটা, রড ইত্যাদি লইয়া হামলা চালায়। ইহাতে ৮ জন ছাত্র আহত হয় বলিয়া ছাত্ররা অভিযোগ করেন। এই হামলা প্রায় ১৫/২০ মিনিট কাল ধরিয়া চলে। আক্রমণকারীদের দুইজনের নিকট দুইটি রিভলবার এবং কিছু ছোরাও ছিল বলিয়া অভিযোগ পাওয়া যায়। হামলার কারণ জানা যায় নাই।

আহতদের মধ্যে ৪ জনের অবস্থা গুরুতর। তাহাদিগকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে প্রাথমিক চিকিৎসার পর ছাড়িয়া দেওয়া হয়।

এদিকে কলেজ ও হোস্টেল এলাকায় পুলিশ প্রহরার ব্যবস্থা করা হইয়াছে। গতকাল পর্যন্ত ছাত্র-ছাত্রীরা হোস্টেল ত্যাগ করিয়া চলিয়া গিয়াছে। মহাবিদ্যালয়ের অধ্যক্ষের সহিত গত রাত্রে যোগাযোগ করা হইলে তিনি এ তথ্যের সত্যতা স্বীকার করেন।